# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2015**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 25/05/2015

Time : 11 am – 3 pm

Paper : VIII

Full Marks : 100

১। ক) আধুনিক নাট্য সাহিত্যের ইতিহাসে শচীন সেনগুপ্তের কৃতিত্ব ও অবদান আলোচনা করো। (১১)

**অথবা**

খ) আধুনিক নাট্যচর্চায় মনোজ মিত্রের নাম উল্লেখযোগ্য — আলোচনা করো। (১১)

২। টীকা লেখো (যে কোনো **একটি**) ঃ (১ × ৪)

ক) 'অঙ্গার' খ) 'ছেঁড়া তার'

৩। ক) গণনাট্য আন্দোলনের ভাবধারায় বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটির তাৎপর্য ও প্রাসঙ্গিকতা সম্পর্কে আলোচনা করো। (১১)

**অথবা**

খ) 'নবান্ন' নাটকের গঠনকৌশল সম্পর্কে আলোচনা করো। (১১)

৪। ব্যাখ্যা লেখো ঃ

ক) 'শত্তুরের মুখে ছাই দিয়ে আমি প্রাণ দেব রে কুঞ্জ।' (৩)

**অথবা**

খ) 'যত হাসি তত কান্না বলে গেছে রাম সন্না, জানলি!' (৩)

৫। ক) সমরেশ বসুর লেখা 'আদাব' গল্পের সমাজবাস্তবতা সম্পর্কে আলোচনা করো। (১১)

**অথবা**

খ) স্বপ্নময় চক্রবর্তী 'আর্সেনিক ভূমি' গল্পে পরিবেশগত দিক থেকে যে তীক্ষ্ণ প্রশ্ন উত্থাপন করেছেন, তার আলোচনা করো। (১১)

৬। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো ঃ

ক) 'শুনে মা হাসছিল ঃ ছিঃ, পরের জিনিসের ওপর লোভ করতে নেই?' (৩)

**অথবা**

খ) 'আগাছা নিড়ান না দিলে ফুল চারার সৌন্দর্যই আড়াল হয়ে যায় বাজে গাছের চাপে।' (৩)

৭। ক) বাদল সরকারের 'বাকী ইতিহাস' নাটকে নাট্যকারের ইতিহাস চেতনার যে রূপ পরিস্ফুট হয়েছে তার আলোচনা করো। (১১)

**অথবা**

খ) 'বাকী ইতিহাস' নাটকটি অ্যাবসার্ড নাটক রূপে কতখানি সার্থক হয়েছে তার আলোচনা করো। (১১)

৮। ব্যাখ্যা লেখো ঃ

ক) ‘নাবোকোভের দোষে, আমার দোষে, অশোকের সর্বনাশ করা চলে না।’ (৩)

<u>অথবা</u>

খ) ‘আপনাদের হরেকেষ্ট সত্যিই যাচ্ছে! নোটিস দিয়ে দিয়েছে।’ (৩)

৯। ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘কবি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। (১১)

<u>অথবা</u>

খ) ‘কবি’ উপন্যাসে তারাশঙ্কর রচিত গানগুলির মূল্যায়ন করো। (১১)

১০। ব্যাখ্যা লেখো ঃ

ক) ‘চারিদিকে আরতি ও শৃঙ্গার-বেশ দর্শনার্থীর ভিড়। হাজার কণ্ঠে বিশ্বনাথের জয়ধ্বনি, সেই ধ্বনির সঙ্গে সে নিজের কণ্ঠও মিশাইয়া দিল— জয় বিশ্বনাথ!’ (৩)

<u>অথবা</u>

খ) ‘কিন্তু ‘কৃষ্ণ কোথা রে’ পাখীর কথা জিজ্ঞাসা করিতে গিয়া চোখে জল আসিল দেখিয়া তাহার মনে হইল — বোধহয় তাহার কৃষ্ণ কোথায় চলিয়া গিয়াছে।’ (৩)

১১। ক) আধুনিক কাব্য সাহিত্যের ধারায় কবি অমিয় চক্রবর্তীর অবদান আলোচনা করো। (১১)

<u>অথবা</u>

খ) আধুনিক কাব্য সাহিত্যের ধারায় কবি শক্তি চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো। (১১)

১২। টীকা লেখো (যে কোনো **<u>একটি</u>**) ঃ (১ × ৪)

ক) ‘পদাতিক’ খ) ‘সাগর থেকে ফেরা’

১৩। ক) ‘একটি মোরগের কাহিনী’ কবিতায় কবি সুকান্তের সমাজ ভাবনার যে পরিচয় পাওয়া যায় তার আলোচনা কর। (১১)

<u>অথবা</u>

খ) ‘মে দিনের কবিতা’ অবলম্বনে কবি সুভাষ মুখোপাধ্যায়ের জীবনদর্শনের পরিচয় দাও। (১১)

১৪। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ ঃ

ক) ‘সমাজ ধর্মে আছি বর্মেতে আঁটা’ (৩)

<u>অথবা</u>

খ) ‘ধ্বংস করে দাও আমাকে যদি চাও / আমার সন্ততি স্বপ্নে থাক।’ (৩)

——————— × ———————